



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৬১৭২.০৩৫.৪৬.৩৩৩.২১-৬১১


তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০  
১৮ জুলাই ২০২৩

বিষয়ঃ নির্বাচনী ট্রাইবুনালে নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ১৬ জুলাই ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত **ময়মনসিংহ** জেলার **নান্দাইল** উপজেলার **খানুয়া** ইউনিয়ন পরিষদের **০১নং সাধারণ ওয়ার্ডের সদস্য** পদে মাননীয় আপিল বিভাগ ও মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ প্রতিপালনার্থে নির্বাচনী ট্রাইবুনালে নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের অন্য কোন মামলায় কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

  
(মোঃ মিজানুর রহমান)  
উপসচিব (চলতি দায়িত্ব)  
ফোনঃ ৫৫০০৭৫৬৫  
ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭  
মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩  
mizanr63@yahoo.com

জেলা প্রশাসক  
**ময়মনসিংহ**

নং-১৭.০০.৬১৭২.০৩৫.৪৬.৩৩৩.২১-৬১১

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০  
১৮ জুলাই ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, **ময়মনসিংহ অঞ্চল ময়মনসিংহ** (০২ কপি)
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, **ময়মনসিংহ** (০৩ কপি) [ ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, **নান্দাইল, ময়মনসিংহ** (০২ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, **নান্দাইল, ময়মনসিংহ** (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)  
উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১৬, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩০/১৬ জুলাই ২০২৩

নং ১৭.০০.৬১৭২.০৩৫.৪৬.৩৩৩.২১-৬০২।—মাননীয় আপীল বিভাগ সিপিএলএ নং-১৭৯৮/২০২৩. এর ২২ জুন ২০২৩ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৭০৩৪/২০২৩ এর ১৩ জুন ২০২৩ তারিখের আদেশকে ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করায় রিট পিটিশন নং-৭০৩৪/২০২৩ এর ১৩ জুন ২০২৩ তারিখের আদেশের কার্যকারিতা বর্তমানে বহাল ও বলবৎ না থাকায় বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের নির্বাচনি মোকদ্দমা নং-১৪/২০২২ এর ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের আদেশ অনুযায়ী ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন খাবুয়া ইউনিয়ন পরিষদের ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ইতিপূর্বে ২৭ জানুয়ারি ২০২২ তারিখে জনাব মিলন মিয়া এর নামে প্রকাশিত গেজেট বাতিল করে দরখাস্তকারী জনাব মোঃ আব্দুল কদ্দুছ-কে বিজয়ী ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৬৯৬ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'খাবুয়া' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মিলন মিয়া, পিতা-মৃত মিঞা বঙ্গ, গ্রাম: বনগ্রাম' এর পরিবর্তে 'মোঃ আব্দুল কদ্দুছ, পিতা : মৃত এয়াজধর আলী, গ্রাম: বনগ্রাম' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপিত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
ব্রেনজন চামুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯৬১৭)

মূল্য : টাকা ৪.০০